দৈনিক ইত্তেফাক

12 MAR 2015



র্বনিম্নে

কোন তথ্য তার জানা নেই। তবে সাড়ে
...তারা পারে।

■ বিবিসি

বাংলাদেশে আততায়ীর হামলায় নিহত লেখক ও ব্লগার অভিজিৎ রায়ের স্ত্রী রাফিদা আহমেদ বন্যা বলেছেন, হত্যার হুমকি নিয়ে বাংলাদেশে এসে নিজেদের নিরাপত্তার বিষয়টি ভেবেছিলেন তারা। কিন্তু বই মেলা থেকে টিএসসির মোড় পর্যন্ত এইটুকু পথে এত মানুষের মধ্যে এ রকম একটি হামলা হতে পারে তা তাদের কল্পনার বাইরে ছিল। গত মঙ্গলবার নিরাপদ অবস্থান থেকে বিবিসিকে দেয়া এক বিশেষ সাক্ষাৎকারে তিনি এ কথা বলেছেন। হামলার ঘটনা নিয়ে প্রথমবারের মতো কোনো সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বললেন তিনি। সাক্ষাৎকারে অভিজিৎ হত্যার সেই দিনটির স্মৃতিচারণ করছিলেন বন্যা। ২৬শে ফেব্রুয়ারি একুশে বইমেলা থেকে ফেরার পথে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় আততায়ীরা অভিজিৎ রায় ও তার স্ত্রীকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করার পর একজন আলোকচিত্রী